গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.ntrca.gov.bd

নম্বর: ৩৭.০৫.০০০০.০১০.০১.০০১.২৩.১৩৭২

তারিখ: ১৭ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
০২ নভেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

# বিজ্ঞপ্তি

## অষ্টাদশ শিক্ষক নিবন্ধন পরীক্ষা ২০২৩

দেশের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শিক্ষক হতে আগ্রহী প্রার্থীদের নিবন্ধন ও প্রত্যয়নের লক্ষ্যে বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA) কর্তৃক আয়োজিত অষ্টাদশ শিক্ষক নিবন্ধন পরীক্ষা ২০২৩-তে অংশগ্রহণ ইচ্ছুক প্রার্থীদের নিকট হতে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

প্রার্থীদের প্রথম ধাপে প্রিলিমিনারি টেস্ট গ্রহণ করা হবে। প্রিলিমিনারি টেস্টে উত্তীর্ণ প্রার্থীদের দ্বিতীয় ধাপে লিখিত পরীক্ষা গ্রহণ করা হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে।

২। <u>**নিবন্ধন পরীক্ষার আবেদনপত্র:**</u>

ক. পরীক্ষায় অংশগ্রহণ ইচ্ছুক প্রার্থীগণকে http://ntrca.teletalk.com.bd ওয়েবসাইটে প্রদত্ত ফরমে আবেদন করতে হবে।

খ. নিবন্ধন পরীক্ষায় অংশগ্রহণ ইচ্ছুক প্রার্থীগণকে এ বিজ্ঞপ্তির ৪নং অনুচ্ছেদে উল্লেখিত পদ্ধতিতে আবেদনপত্র অনলাইনে পূরণপূর্বক দাখিল করতে হবে।

গ. বিজ্ঞপ্তিটি www.ntrca.gov.bd এবং http://ntrca.teletalk.com.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

৩। <u>**অনলাইনে আবেদনপত্র পূরণ এবং পরীক্ষার ফি জমাদানের তারিখ এবং সময়সীমা নিম্নরূপ:**</u>

ক. Online-এ আবেদনপত্র পূরণ ও ফি জমা প্রদান শুরুর তারিখ ও সময়: **০৯ নভেম্বর ২০২৩ তারিখ সকাল ০৯:০০ টা।**

খ. Online-এ আবেদনপত্র জমা প্রদানের শেষ তারিখ ও সময়: **৩০ নভেম্বর ২০২৩ তারিখ রাত ১২:০০ টা পর্যন্ত।**

গ. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে ১২(ক) অনুচ্ছেদে বর্ণিত সনদসমূহের মূলকপি মৌখিক পরীক্ষায় আবশ্যিকভাবে প্রদর্শন করতে হবে।

বি. দ্র. ক. **৩০ নভেম্বর ২০২৩** তারিখ রাত ১২:০০ টার মধ্যে শুধুমাত্র User ID প্রাপ্ত প্রার্থীগণ উক্ত সময়ের পরবর্তী ৭২ ঘণ্টার মধ্যে (অর্থাৎ **০৩ ডিসেম্বর ২০২৩** তারিখ রাত ১২:০০ টা পর্যন্ত) SMS-এর মাধ্যমে (বিজ্ঞপ্তির ৫নং অনুচ্ছেদের নির্দেশনা অনুসরণ করে) ফি জমা দিতে পারবেন।

খ. শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষায় না থেকে যুক্তিসঙ্গত সময় হাতে রেখে আবেদনে প্রদত্ত তথ্যাদি সম্পর্কে শতভাগ নিশ্চিত হয়ে সতর্কতার সাথে প্রার্থীকে নিজে Online-এ আবেদনপত্র পূরণ ও দাখিল করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

৪। <u>**অনলাইন আবেদনপত্র পূরণ করার নিয়মাবলি:**</u>

ক. ১৫ নং অনুচ্ছেদে উল্লেখিত শিক্ষাগত যোগ্যতা অনুযায়ী প্রার্থী যে পদে আবেদন করার যোগ্য এবং ইচ্ছুক ওয়েবসাইটে প্রবেশ করে সেই পদের রেডিও বাটন সিলেক্ট করে আবেদনপত্রের ফরম Open করবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী নিজ স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০) pixel ও রঙিন ছবি (সাদা ব্যাকগ্রাউন্ড) (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে সন্নিবেশ (Upload) করবেন।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু প্রিলিমিনারি, লিখিত, মৌখিক পরীক্ষা ও অন্যান্য সকল কার্যক্রমসহ উত্তীর্ণ প্রার্থীদের সার্টিফিকেট প্রদানের ক্ষেত্রে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র দাখিল (Submit) করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন। <u>**পুনশ্চঃ পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন**</u>। আবেদনপত্র দাখিল (Submit) করার পর কোন তথ্য সংশোধনযোগ্য নয়।

ঘ. বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদের জন্য কোন প্রার্থীর কাম্য শিক্ষাগত যোগ্যতা না থাকলে তিনি উক্ত পদে আবেদন করতে পারবেন না। কোন প্রার্থী বিদেশ হতে তার অর্জিত ডিগ্রিকে উল্লেখিত পদসমূহের পার্শ্বে বর্ণিত কোন শিক্ষাগত যোগ্যতার সমমানের বলে দাবি করলে তাকে সে মর্মে সংশ্লিষ্ট ইকুইভ্যালেন্স কমিটি বা শিক্ষা মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদের মূলকপি মৌখিক পরীক্ষার সময় সাক্ষাৎকার বোর্ডে উপস্থাপন করতে হবে। অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না।

ঙ. প্রার্থী Online-এ দাখিলকৃত আবেদনপত্রের প্রিন্টকপি সংরক্ষণ করবেন। প্রিলিমিনারি ও লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে ১২(ক) অনুচ্ছেদে চাহিত সনদসমূহের মূলকপি মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করবেন। তাছাড়া পরীক্ষা চলাকালীন অনলাইন আবেদনপত্রের একটি প্রিন্টকপি প্রার্থী ব্যক্তিগতভাবে সংরক্ষণ করবেন যাতে সঠিকতা নিরূপণের প্রয়োজন হলে প্রার্থী তা প্রদর্শন করতে পারেন।

চ. প্রার্থী যে পদে পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন করতে যোগ্য ও ইচ্ছুক সে পদের বিপরীতে বিজ্ঞপ্তিতে উল্লেখিত বিষয়/বিষয়সমূহ হতে নিবন্ধন পরীক্ষার ঐচ্ছিক বিষয় নির্ধারণ করবেন এবং তা Online আবেদনপত্রে উল্লেখ করবেন।

ছ. প্রার্থীর নিজ নাম, পিতার নাম ও মাতার নাম এস.এস.সি অথবা সমমানের পরীক্ষা পাশের সনদে যেরূপ উল্লেখ রয়েছে অনলাইন আবেদনপত্রে একইভাবে পূরণ করবেন।

জ. Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোন নম্বরে পরীক্ষা সংক্রান্ত সকল বিষয়ে যোগাযোগ করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখতে, SMS পাঠ করতে এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করার প্রতি মনোযোগী হবার পরামর্শ প্রদান করা হচ্ছে।

## ৫। পরীক্ষার ফি প্রদান:

ক. SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান:

Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা অনুসারে প্রার্থীর ছবি এবং Signature upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID এবং ছবি ও স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে প্রদত্ত User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে পরীক্ষার ফি বাবদ নির্ধারিত ৩৫০/- (তিনশত পঞ্চাশ) টাকা আবেদন Submit করার অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা প্রদান করবেন।

প্রথম SMS: NTRCA<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

দ্বিতীয় SMS: NTRCA<space>Yes<Space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

খ. বিশেষভাবে উল্লেখ্য, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

গ. শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন:

i. User ID জানা থাকলে: NTRCA<Space>Help<Space>User<Space>User ID & send to 16222.
Example: NTRCA Help User ABCDEF & send to 16222

ii. PIN Number জানা থাকলে: NTRCA<Space>Help<Space>PIN<Space>PIN Number & send to 16222.
Example: NTRCA Help PIN 12345678 & send to 16222.

## ৬। অবতীর্ণ (Appeared) প্রার্থী:

ক. শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে পরীক্ষায় অবতীর্ণ (Appeared) কোন প্রার্থীর আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

খ. শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে সদ্য উত্তীর্ণ প্রার্থীগণ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত প্রশংসা পত্র, টেবুলেশন শিট/নম্বরপত্র ও প্রবেশ পত্র মৌখিক পরীক্ষাকালে প্রদর্শনের জন্য সংরক্ষণ করবেন।

## ৭। প্রবেশপত্র (Admit Card):

ক. প্রবেশ পত্র প্রাপ্তির বিষয়টি প্রার্থীর প্রদত্ত মোবাইল নম্বরে যথাসময়ে SMS-এর মাধ্যমে জানানো হবে। SMS প্রাপ্তির পর প্রার্থী তার প্রবেশপত্র http://ntrca.teletalk.com.bd ওয়েবসাইট হতে Download করে নিতে পারবেন।

খ. **প্রিলিমিনারি টেস্টের প্রবেশপত্র:** ৫নং অনুচ্ছেদের নির্দেশনা অনুসারে পরীক্ষার নির্ধারিত ফি জমা হলে টেলিটক বাংলাদেশ লিঃ হতে SMS-এর মাধ্যমে প্রার্থীর মোবাইল নম্বরে User ID এবং Password প্রেরণ করা হবে। প্রেরিত User ID এবং Password ব্যবহার করে প্রার্থী তার প্রিলিমিনারি টেস্টের প্রবেশপত্র যথাসময়ে Download করে নিতে পারবেন।

গ. **লিখিত পরীক্ষার প্রবেশপত্র:** প্রিলিমিনারি টেস্টে উত্তীর্ণ প্রার্থীদের ফলাফল প্রকাশিত হওয়ার পর উত্তীর্ণ প্রার্থীদের অনুকূলে প্রবেশপত্র http://ntrca.teletalk.com.bd ওয়েবসাইটে প্রদান (Upload) করা হবে। উত্তীর্ণ প্রার্থীগণ SMS প্রাপ্তির পর ইতঃপূর্বে প্রদত্ত User ID এবং Password ব্যবহার করে লিখিত পরীক্ষার প্রবেশপত্র যথাসময়ে Download করে নিতে পারবেন।

ঘ. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় ও স্থান SMS-এর মাধ্যমে যথাসময়ে অবহিত করা হবে।

ঙ. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ প্রিলিমিনারি টেস্টের প্রবেশপত্র ও লিখিত পরীক্ষার প্রবেশপত্র সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষা ও নিবন্ধন সনদ গ্রহণের সময়ে সেগুলো আবশ্যিকভাবে প্রদর্শন করবেন।

## ৮। ডিক্লারেশন:

ক. প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এ মর্মে ঘোষণা দিতে হবে যে, আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন দুর্নীতির আশ্রয় গ্রহণ করা হলে বা কোন প্রার্থী আবেদনপত্রে জ্ঞাতসারে কোন ভুল বা মিথ্যা তথ্য প্রদান করলে বা প্রয়োজনীয় তথ্য গোপন করলে বা টেম্পারিং করলে বা কোন জাল সার্টিফিকেট দাখিল করলে বা বয়স ও শিক্ষাগত যোগ্যতা সংক্রান্ত সার্টিফিকেটের কোন অংশ বা প্রবেশপত্র কাটাকাটি বা পরিবর্তন করলে বা পরীক্ষার হলে মোবাইল ফোন বা কোন ধরনের ইলেকট্রনিক যোগাযোগ যন্ত্রসহ প্রবেশ এবং উক্ত প্রযুক্তির মাধ্যমে অসৎ পন্থা অবলম্বন করলে বা পরীক্ষার হলে দুর্ব্যবহার করলে বা প্রতারণার আশ্রয় নিলে তাকে উক্ত পরীক্ষাসহ NTRCA কর্তৃক অনুষ্ঠেয় পরবর্তী যে কোন পরীক্ষার জন্য অযোগ্য ঘোষণা করা হবে, অধিকন্তু তার বিরুদ্ধে ফৌজদারী কার্যক্রমও গ্রহণ করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

খ. কোন প্রার্থী সম্পর্কে অনুচ্ছেদ ৮-ক তে বর্ণিত কোন অভিযোগ পাওয়া গেলে, যথাযথ তদন্ত সাপেক্ষে সংশ্লিষ্ট প্রার্থীর নিবন্ধন বাতিল করে সনদপত্র প্রত্যাহার করা হবে এবং তিনি কোন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে নিয়োগ পেয়ে থাকলে উক্ত নিয়োগ বাতিল বলে বিবেচিত হবে এবং নিয়োগ লাভের কারণে প্রাপ্ত আর্থিক সুবিধাদি ফেরতযোগ্য হবে এবং তার বিরুদ্ধে ফৌজদারী কার্যক্রমও গ্রহণ করা যাবে।

গ. প্রার্থী কর্তৃক প্রদত্ত ডিক্লারেশনের প্রেক্ষিতে প্রিলিমিনারি টেস্টের জন্য সাময়িকভাবে যোগ্য বিবেচনা করে প্রবেশপত্র প্রদান করা হবে।

৯। **প্রিলিমিনারি টেস্ট:**

ক. প্রিলিমিনারি টেস্টের তারিখ, স্থান ও সময়সূচি পরবর্তীতে জাতীয় দৈনিক পত্রিকা ও NTRCA এর ওয়েবসাইটে বিজ্ঞপ্তি আকারে প্রকাশ করে জানানো হবে। মোবাইল ফোনে SMS এর মাধ্যমেও বিষয়টি অবহিত করা হবে।

খ. প্রার্থীদের ১০০ (একশত) নম্বরের Multiple Choice Question (MCQ) Type প্রিলিমিনারি টেস্টে অংশগ্রহণ করতে হবে। পরীক্ষার পূর্ণ সময় ১ (এক) ঘণ্টা। Optical Mark Readable Litho Code যুক্ত উত্তরপত্র OMR মেশিনে কম্পিউটারের মাধ্যমে মূল্যায়ন করা হবে।

গ. এ পরীক্ষায় মোট ১০০ (একশত) টি প্রশ্ন থাকবে। প্রার্থী প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ১ (এক) নম্বর পাবেন, তবে ভুল উত্তর দিলে প্রতিটি ভুল উত্তরের জন্য প্রাপ্ত মোট নম্বর হতে ০.২৫ (দশমিক দুই পাঁচ) নম্বর কাটা হবে।

ঘ. প্রিলিমিনারি টেস্টে অংশগ্রহণের ক্ষেত্রে প্রার্থীদের উপযুক্ততা এবং প্রিলিমিনারি টেস্টে কৃতকার্যতা নির্ধারণের ক্ষেত্রে এনটিআরসিএ-এর প্রদত্ত সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

ঙ. প্রিলিমিনারি টেস্টে পাস নম্বর ৪০%।

চ. ৩টি পর্যায়ে যথা- (১) স্কুল পর্যায়-২ (২) স্কুল পর্যায় ও (৩) কলেজ পর্যায়ে পৃথক প্রশ্নপত্রে পরীক্ষার্থীগণ প্রিলিমিনারি টেস্টে অংশগ্রহণ করবেন।

ছ. প্রিলিমিনারি টেস্টের বিষয় ও নম্বর বণ্টন নিম্নে প্রদান করা হলো:

| ক্রমিক নং | বিষয়ের নাম | নম্বর বণ্টন |
|---|---|---|
| ১. | বাংলা | ২৫ |
| ২. | ইংরেজি | ২৫ |
| ৩. | সাধারণ গণিত | ২৫ |
| ৪. | সাধারণ জ্ঞান | ২৫ |
| মোট= | | ১০০ |

১০। **লিখিত পরীক্ষা:**

ক. লিখিত পরীক্ষার তারিখ, স্থান ও সময়সূচি পরবর্তীতে জাতীয় দৈনিক পত্রিকা ও NTRCA এর ওয়েবসাইটে বিজ্ঞপ্তি আকারে প্রকাশ করে জানানো হবে। মোবাইল ফোনে SMS এর মাধ্যমেও বিষয়টি অবহিত করা হবে।

খ. ১০০ (একশত) নম্বরের প্রতিটি বিষয়ের লিখিত পরীক্ষার সময় ৩ (তিন) ঘণ্টা।

গ. লিখিত পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধাক্রম অনুসারে প্রতিটি বিষয়ে কর্তৃপক্ষ কর্তৃক বিধি মোতাবেক নির্ধারিত সংখ্যক প্রার্থীকে মৌখিক পরীক্ষার জন্য নির্বাচন করা হবে।

১১। **লিখিত পরীক্ষায় উত্তরদানের ভাষা:**

বাংলা, ইংরেজি ও অন্যান্য ভাষা সম্পর্কিত বিষয়ের প্রশ্নের উত্তর সংশ্লিষ্ট ভাষাতেই লিখতে হবে। অন্যান্য বিষয়ের প্রশ্নের উত্তর বাংলা বা ইংরেজি মাধ্যমের যে কোন একটিতে লিখা যাবে। একটি বিষয়ের উত্তরে (উদ্ধৃতি বা অনিবার্য টেক্সট ব্যতীত) একাধিক ভাষা ব্যবহার করা যাবে না। কোন বিষয়ের প্রশ্নপত্রে অন্য কোনরূপ নির্দেশনা থাকলে উক্ত বিষয়ের ক্ষেত্রে ঐ নির্দেশনা অনুযায়ী প্রশ্নোত্তর লিখতে হবে।

১২। **লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রয়োজনীয় সনদ/ডকুমেন্টস সংক্রান্ত:**

ক. প্রয়োজনীয় সনদ/Documents:

১. মৌখিক পরীক্ষার প্রবেশপত্র;

২. সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের মূল কপি;

৩. স্নাতক (পাস/সম্মান) পর্যায়ের নম্বরপত্রের (মার্ক শিট) মূল কপি;

৪. কেবল সহকারী শিক্ষক পদসমূহের ক্ষেত্রে প্রার্থী কর্তৃক Online আবেদনপত্রে উল্লেখিত Optional Subject-এর স্বপক্ষে প্রমাণ স্বরূপ স্নাতক (পাস/সম্মান) পর্যায়ের প্রবেশ পত্র/পত্রসমূহ এর মূল কপি;

৫. প্রযোজ্য ক্ষেত্রে প্রশিক্ষণ সনদ পত্রের মূল কপি;

৬. জাতীয় পরিচয়পত্রের মূল কপি।

৭. কর্তৃপক্ষ কর্তৃক চাহিত অন্য যে কোন সনদের মূলকপি মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করবেন।

খ. মৌখিক পরীক্ষার সময় ১২ (ক) অনুচ্ছেদে বর্ণিত সনদপত্রসমূহের মূলকপি প্রদর্শনে ব্যর্থ হলে প্রার্থীতা বাতিল হবে।

১৩। **মৌখিক পরীক্ষা:**

ক. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ফলাফল প্রকাশিত হওয়ার পর উত্তীর্ণ প্রার্থীদের অনুকূলে মৌখিক পরীক্ষার প্রবেশপত্র http://ntrca.teletalk.com.bd ওয়েবসাইটে প্রদান (আপলোড) করা হবে। উত্তীর্ণ প্রার্থীগণ SMS প্রাপ্তির পর ইতঃপূর্বে প্রদত্ত User ID এবং Password ব্যবহার করে মৌখিক পরীক্ষার প্রবেশপত্র যথাসময়ে Download করে নিতে পারবেন।

খ. লিখিত পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে বিধি মোতাবেক যোগ্য প্রার্থীকে মৌখিক পরীক্ষায় আমন্ত্রণ জানানো হবে।

গ. মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীগণকে SMS-এর মাধ্যমে মৌখিক পরীক্ষার তারিখ, সময় ও স্থান অবহিত করা হবে। SMS-এ প্রাপ্ত নির্দেশনা মোতাবেক নির্বাচিত প্রার্থীগণকে ২০ নম্বরের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। মৌখিক পরীক্ষার নম্বরের ২টি অংশ থাকবে; যথা- শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের উপর ১২ নম্বর ও প্রশ্ন-উত্তরের উপর ০৮ নম্বর। মৌখিক পরীক্ষার উভয় অংশে অন্যূন ৪০% নম্বর না পেলে সংশ্লিষ্ট প্রার্থী মেধা তালিকায় অন্তর্ভুক্ত হওয়ার যোগ্য বিবেচিত হবেন না।

ঘ. লিখিত ও মৌখিক পরীক্ষার প্রাপ্ত নম্বরের ভিত্তিতে বিধি মোতাবেক ফলাফল প্রকাশ করা হবে।

১৪। **পর্যায়সমূহ:**

ক. **স্কুল পর্যায়** বলতে সহকারী শিক্ষক (বাংলা, ইংরেজি, সামাজিক বিজ্ঞান, ব্যবসায় শিক্ষা, গণিত, ভৌত বিজ্ঞান, পদার্থবিজ্ঞান, রসায়ন, জীববিজ্ঞান, কৃষি, গার্হস্থ্য অর্থনীতি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, চারু ও কারুকলা, ধর্ম এবং গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান), সহকারী শিক্ষক (শরীরচর্চা)/শরীরচর্চা শিক্ষক ও সহকারী মৌলভী পদকে বুঝাবে।

খ. **স্কুল পর্যায়-২** বলতে ট্রেড ইন্সট্রাক্টর, এবতেদায়ী মৌলভী, এবতেদায়ী শিক্ষক (সাধারণ) ও এবতেদায়ী ক্বারী পদকে বুঝাবে।

গ. **কলেজ পর্যায়** বলতে প্রভাষক, ইন্সট্রাক্টর (টেক), ইন্সট্রাক্টর (নন-টেক) ও প্রদর্শক পদকে বুঝাবে।

১৫। **শিক্ষা প্রতিষ্ঠানের ধরণ, পদের নাম, লিখিত পরীক্ষার বিষয় ও ন্যূনতম শিক্ষাগত যোগ্যতার বিবরণ এবং অন্যান্য শর্তাবলী নিম্নে উল্লেখ করা হল (তবে সরকার কর্তৃক শিক্ষাগত যোগ্যতার শর্ত পরিবর্তন করা হলে পরিবর্তিত শর্তই এই ক্ষেত্রে প্রযোজ্য হবে):**

| ক্রমিক নং | পদের নাম (সর্বশেষ এমপিও নীতিমালা অনুসারে) | পরীক্ষার সংশ্লিষ্ট বিষয়/ট্রেড | শিক্ষা প্রতিষ্ঠানের ধরণ | সর্বশেষ এমপিও নীতিমালা অনুসারে প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১. | সহকারী শিক্ষক (বাংলা) | বাংলা | • নিম্ন মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-৮ম)<br>• মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-১০ম)<br>• উচ্চ মাধ্যমিক বিদ্যালয়(৬ষ্ঠ-১২শ)<br>• দাখিল মাদরাসা (১ম-১০ম)<br>• আলিম মাদরাসা (১ম-১২শ)<br>• ফাজিল মাদরাসা (১ম-১৫শ)<br>• কামিল মাদরাসা (১ম-১৭শ) | ১. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক পর্যায়ের ন্যূনতম ৩০০ নম্বরের বাংলাসহ স্নাতক ডিগ্রি/সমমান অথবা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান)/সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি ও বিএড ডিগ্রি/সমমান।<br>অথবা<br>২. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক পর্যায়ের ন্যূনতম ৩০০ নম্বরের বাংলাসহ স্নাতক ডিগ্রি/সমমান অথবা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান)/সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি।<br>সমগ্র শিক্ষা জীবনে ০১ (এক) টির বেশি ৩য় বিভাগ/শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে না। |
| ২. | সহকারী শিক্ষক (বাংলা) | বাংলা | • এসএসসি (ভোকেশনাল) ইনস্টিটিউট<br>• দাখিল ভোকেশনাল মাদরাসা | ১. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক পর্যায়ে ৩০০ নম্বরের বাংলাসহ ২য় শ্রেণির (সমমান সিজিপিএ) স্নাতক ডিগ্রি/সমমান ও বিএড ২য় শ্রেণি।<br>অথবা<br>২. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক পর্যায়ে ৩০০ নম্বরের বাংলাসহ ২য় শ্রেণির (সমমান সিজিপিএ) স্নাতক ডিগ্রি/সমমান।<br>বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতীত সমগ্র শিক্ষা জীবনে যে কোন ০১টি ৩য় শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে। |

| ক্রমিক নং | পদের নাম (সর্বশেষ এমপিও নীতিমালা অনুসারে) | পরীক্ষার সংশ্লিষ্ট বিষয়/ট্রেড | শিক্ষা প্রতিষ্ঠানের ধরণ | সর্বশেষ এমপিও নীতিমালা অনুসারে প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ৩. | সহকারী শিক্ষক (ইংরেজি) | ইংরেজি | • নিম্ন মাধ্যমিক বিদ্যালয়(৬ষ্ঠ-৮ম)<br>• মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-১০ম)<br>• উচ্চ মাধ্যমিক বিদ্যালয়(৬ষ্ঠ-১২শ)<br>• দাখিল মাদরাসা (১ম-১০ম)<br>• আলিম মাদরাসা (১ম-১২শ)<br>• ফাজিল মাদরাসা (১ম-১৫শ)<br>• কামিল মাদরাসা (১ম-১৭শ) | ১. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক পর্যায়ের ন্যূনতম ৩০০ নম্বরের ইংরেজিসহ স্নাতক ডিগ্রি/সমমান অথবা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান)/সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি ও বিএড ডিগ্রি/সমমান।<br>অথবা<br>২. স্নাতক পর্যায়ের ন্যূনতম ৩০০ নম্বরের ইংরেজিসহ স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রি/সমমান অথবা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান)/সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি।<br>সমগ্র শিক্ষা জীবনে ০১ (এক) টির বেশি ৩য় বিভাগ/শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে না। |
| ৪. | সহকারী শিক্ষক (ইংরেজি) | ইংরেজি | • এসএসসি (ভোকেশনাল) ইনস্টিটিউট<br>• দাখিল ভোকেশনাল মাদরাসা | ১. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক পর্যায়ে ৩০০ নম্বরের ইংরেজিসহ ২য় শ্রেণির (সমমান সিজিপিএ) স্নাতক ডিগ্রি/সমমান ও বিএড ২য় শ্রেণি।<br>অথবা<br>২. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক পর্যায়ে ৩০০ নম্বরের ইংরেজিসহ ২য় শ্রেণির (সমমান সিজিপিএ) স্নাতক ডিগ্রি/সমমান।<br>বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতীত সমগ্র শিক্ষা জীবনে যে কোন ০১টি ৩য় শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে। |
| ৫. | সহকারী শিক্ষক (সামাজিক বিজ্ঞান) | সামাজিক বিজ্ঞান<br>[১.অর্থনীতি,<br>২. রাষ্ট্রবিজ্ঞান<br>৩. ইতিহাস,<br>৪. ইসলামের ইতিহাস ও সংস্কৃতি,<br>৫. সমাজবিজ্ঞান,<br>৬. সমাজকল্যাণ/ সমাজকর্ম,<br>৭. ভূগোল ও পরিবেশ বিজ্ঞান] | • নিম্ন মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-৮ম)<br>• মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-১০ম)<br>• উচ্চ মাধ্যমিক বিদ্যালয়(৬ষ্ঠ-১২শ)<br>• দাখিল মাদরাসা (১ম-১০ম)<br>• আলিম মাদরাসা (১ম-১২শ)<br>• ফাজিল মাদরাসা (১ম-১৫শ)<br>• কামিল মাদরাসা (১ম-১৭শ) | ১. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়সহ স্নাতক ডিগ্রি/সমমান ও বিএড ডিগ্রি/সমমান।<br>অথবা<br>২. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়সহ স্নাতক ডিগ্রি/সমমান।<br>সমগ্র শিক্ষা জীবনে ০১ (এক) টির বেশি ৩য় বিভাগ/শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে না। |
| ৬. | সহকারী শিক্ষক (সামাজিক বিজ্ঞান) | সমাজবিজ্ঞান | • এসএসসি (ভোকেশনাল) ইনস্টিটিউট<br>• দাখিল ভোকেশনাল মাদরাসা | ১. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সমাজবিজ্ঞান বিষয়ে ২য় শ্রেণির (সমমান সিজিপিএ) স্নাতক ডিগ্রি/সমমান ও বিএড ২য় শ্রেণি।<br>অথবা<br>২. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সমাজবিজ্ঞান বিষয়ে ২য় শ্রেণির (সমমান সিজিপিএ) স্নাতক ডিগ্রি/সমমান।<br>বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতীত সমগ্র শিক্ষা জীবনে যে কোন ১টি ৩য় শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে। |

| ক্রমিক নং | পদের নাম (সর্বশেষ এমপিও নীতিমালা অনুসারে) | পরীক্ষার সংশ্লিষ্ট বিষয়/ট্রেড | শিক্ষা প্রতিষ্ঠানের ধরণ | সর্বশেষ এমপিও নীতিমালা অনুসারে প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ৭. | সহকারী শিক্ষক (ব্যবসায় শিক্ষা) | ব্যবসায় শিক্ষা | • মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-১০ম)<br>• উচ্চ মাধ্যমিক বিদ্যালয়(৬ষ্ঠ-১২শ)<br>• দাখিল মাদরাসা (১ম-১০ম)<br>• আলিম মাদরাসা (১ম-১২শ)<br>• ফাজিল মাদরাসা (১ম-১৫শ)<br>• কামিল মাদরাসা (১ম-১৭শ) | ১. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য/ব্যবসায় শিক্ষা বিভাগে স্নাতক ডিগ্রি/সমমান ও বি.এড ডিগ্রি/সমমান।<br>অথবা<br>২. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে স্নাতক ডিগ্রি/সমমান।<br>সমগ্র শিক্ষা জীবনে ০১ (এক) টির বেশি ৩য় বিভাগ/শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে না। |
| ৮. | সহকারী শিক্ষক (গণিত) | গণিত | • নিম্ন মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-৮ম)<br>• মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-১০ম)<br>• উচ্চ মাধ্যমিক বিদ্যালয়(৬ষ্ঠ-১২শ)<br>• দাখিল মাদরাসা (১ম-১০ম)<br>• আলিম মাদরাসা (১ম-১২শ)<br>• ফাজিল মাদরাসা (১ম-১৫শ)<br>• কামিল মাদরাসা (১ম-১৭শ) | ১. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে গণিতসহ বিজ্ঞান বিভাগে স্নাতক ডিগ্রি/সমমান ও বিএড ডিগ্রি/সমমান।<br>অথবা<br>২. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে গণিতসহ বিজ্ঞান বিভাগে স্নাতক ডিগ্রি/সমমান।<br>সমগ্র শিক্ষা জীবনে ০১ (এক) টির বেশি ৩য় বিভাগ/শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে না। |
| ৯. | সহকারী শিক্ষক (গণিত) | গণিত | • এসএসসি (ভোকেশনাল) ইনস্টিটিউট<br>• দাখিল ভোকেশনাল মাদরাসা | ১. কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান শাখায় গণিত বিষয়সহ ২য় শ্রেণির (সমমান সিজিপিএ) স্নাতক ডিগ্রি/সমমান ও বিএড ২য় শ্রেণি।<br>অথবা<br>২. কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান শাখায় গণিত বিষয়সহ ২য় শ্রেণির (সমমান সিজিপিএ) স্নাতক ডিগ্রি/সমমান।<br>বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতীত সমগ্র শিক্ষা জীবনে যে কোন ০১টি ৩য় শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে। |
| ১০. | সহকারী শিক্ষক (ভৌত বিজ্ঞান) | **ভৌত বিজ্ঞান**<br>[১.পদার্থবিজ্ঞান ও ২. রসায়ন] | • নিম্ন মাধ্যমিক বিদ্যালয়(৬ষ্ঠ-৮ম)<br>• মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-১০ম)<br>• উচ্চ মাধ্যমিক বিদ্যালয়(৬ষ্ঠ-১২শ)<br>• দাখিল মাদরাসা (১ম-১০ম)<br>• আলিম মাদরাসা (১ম-১২শ)<br>• ফাজিল মাদরাসা (১ম-১৫শ)<br>• কামিল মাদরাসা (১ম-১৭শ) | ১. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পদার্থবিজ্ঞান/রসায়নসহ বিজ্ঞান বিভাগে স্নাতক ডিগ্রি/সমমান ও বিএড ডিগ্রি/সমমান।<br>অথবা<br>২. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পদার্থবিজ্ঞান/রসায়নসহ বিজ্ঞান বিভাগে স্নাতক ডিগ্রি/সমমান।<br>সমগ্র শিক্ষা জীবনে ১ (এক) টির বেশি ৩য় বিভাগ/শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে না। |
| ১১. | সহকারী শিক্ষক (পদার্থবিজ্ঞান) | পদার্থবিজ্ঞান | • এসএসসি (ভোকেশনাল) ইনস্টিটিউট<br>• দাখিল ভোকেশনাল মাদরাসা | ১. কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পদার্থবিজ্ঞান বিষয়সহ ২য় শ্রেণির (সমমান সিজিপিএ) স্নাতক ডিগ্রি/সমমান ও বিএড ২য় শ্রেণি।<br>অথবা<br>২. কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পদার্থবিজ্ঞান বিষয়সহ ২য় শ্রেণির (সমমান সিজিপিএ) স্নাতক ডিগ্রি/সমমান।<br>বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতীত সমগ্র শিক্ষা জীবনে যে কোন ০১টি ৩য় শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে। |

| ক্রমিক নং | পদের নাম (সর্বশেষ এমপিও নীতিমালা অনুসারে) | পরীক্ষার সংশ্লিষ্ট বিষয়/ট্রেড | শিক্ষা প্রতিষ্ঠানের ধরণ | সর্বশেষ এমপিও নীতিমালা অনুসারে প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১২. | সহকারী শিক্ষক (রসায়ন) | রসায়ন | • এসএসসি (ভোকেশনাল) ইনস্টিটিউট<br>• দাখিল ভোকেশনাল মাদরাসা | ১. কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে রসায়ন বিষয়সহ ২য় শ্রেণির (সমমান সিজিপিএ) স্নাতক ডিগ্রি/সমমান ও বিএড ২য় শ্রেণি।<br>অথবা<br>২. কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে রসায়ন বিষয়সহ ২য় শ্রেণির (সমমান সিজিপিএ) স্নাতক ডিগ্রি/সমমান।<br>বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতীত সমগ্র শিক্ষা জীবনে যে কোন ০১টি ৩য় শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে। |
| ১৩. | সহকারী শিক্ষক (জীববিজ্ঞান) | **জীববিজ্ঞান**<br>[১. উদ্ভিদবিজ্ঞান ও ২. প্রাণিবিজ্ঞান] | • মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-১০ম)<br>• উচ্চ মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-১২শ)<br>• দাখিল মাদরাসা (১ম-১০ম)<br>• আলিম মাদরাসা (১ম-১২শ)<br>• ফাজিল মাদরাসা (১ম-১৫শ)<br>• কামিল মাদরাসা (১ম-১৭শ) | ১. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে প্রাণিবিজ্ঞান/উদ্ভিদবিজ্ঞানসহ স্নাতক ডিগ্রি/সমমান ও বিএড ডিগ্রি/সমমান।<br>অথবা<br>২. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে প্রাণিবিজ্ঞান/উদ্ভিদবিজ্ঞানসহ স্নাতক ডিগ্রি/সমমান।<br>সমগ্র শিক্ষা জীবনে ১ (এক) টির বেশি ৩য় বিভাগ/শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে না। |
| ১৪. | সহকারী শিক্ষক (গার্হস্থ্য বিজ্ঞান) | গার্হস্থ্য অর্থনীতি | • নিম্ন মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-৮ম)<br>• মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-১০ম)<br>• উচ্চ মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-১২শ)<br>• দাখিল মাদরাসা (১ম-১০ম)<br>• আলিম মাদরাসা (১ম-১২শ)<br>• ফাজিল মাদরাসা (১ম-১৫শ)<br>• কামিল মাদরাসা (১ম-১৭শ) | ১. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়সহ স্নাতক ডিগ্রি/সমমান ও বিএড ডিগ্রি/সমমান।<br>অথবা<br>২. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়সহ স্নাতক ডিগ্রি/সমমান।<br>সমগ্র শিক্ষা জীবনে ০১ (এক) টির বেশি ৩য় বিভাগ/শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে না। |
| ১৫. | সহকারী শিক্ষক (ধর্ম ও নৈতিক শিক্ষা) | ইসলাম শিক্ষা | • নিম্ন মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-৮ম)<br>• মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-১০ম)<br>• উচ্চ মাধ্যমিক বিদ্যালয়(৬ষ্ঠ-১২শ) | ইসলাম ধর্মের ক্ষেত্রে (স্বীয় ধর্মের)<br>(ক) ফাজিল ডিগ্রি ও বিএড ডিগ্রি/সমমান।<br>(খ) ফাজিল/সমমান ডিগ্রি<br>সমগ্র শিক্ষা জীবনে ১ (এক) টির বেশি ৩য় বিভাগ/শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে না। |
| ১৬. | সহকারী শিক্ষক (ধর্ম ও নৈতিক শিক্ষা) | হিন্দুধর্ম শিক্ষা | • নিম্ন মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-৮ম)<br>• মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-১০ম)<br>• উচ্চ মাধ্যমিক বিদ্যালয়(৬ষ্ঠ-১২শ) | হিন্দু ধর্মের ক্ষেত্রে (স্বীয় ধর্মের)<br>(ক) উপাধি ডিগ্রিসহ স্নাতক ডিগ্রি/সমমান<br>অথবা<br>সংস্কৃত বিষয়সহ স্নাতক ডিগ্রি ও বিএড ডিগ্রি/সমমান<br>(খ) সংস্কৃত বিষয়সহ স্নাতক ডিগ্রি/সমমান।<br>সমগ্র শিক্ষা জীবনে ১ (এক) টির বেশি ৩য় বিভাগ/শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে না। |
| ১৭. | সহকারী শিক্ষক (ধর্ম ও নৈতিক শিক্ষা) | বৌদ্ধধর্ম শিক্ষা | • নিম্ন মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-৮ম)<br>• মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-১০ম)<br>• উচ্চ মাধ্যমিক বিদ্যালয়(৬ষ্ঠ-১২শ) | বৌদ্ধ ধর্মের ক্ষেত্রে (স্বীয় ধর্মের)<br>(ক) পালি বিষয়সহ স্নাতক ডিগ্রি/সমমান ও বিএড ডিগ্রি।<br>(খ) পালি বিষয়সহ স্নাতক ডিগ্রি/সমমান।<br>সমগ্র শিক্ষা জীবনে ১ (এক) টির বেশি ৩য় বিভাগ/শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে না। |

| ক্রমিক নং | পদের নাম (সর্বশেষ এমপিও নীতিমালা অনুসারে) | পরীক্ষার সংশ্লিষ্ট বিষয়/ট্রেড | শিক্ষা প্রতিষ্ঠানের ধরণ | সর্বশেষ এমপিও নীতিমালা অনুসারে প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১৮. | সহকারী শিক্ষক (ধর্ম ও নৈতিক শিক্ষা) | খ্রিস্টধর্ম শিক্ষা | • নিম্ন মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-৮ম)<br>• মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-১০ম)<br>• উচ্চ মাধ্যমিক বিদ্যালয়(৬ষ্ঠ-১২শ) | খ্রিস্ট ধর্মের ক্ষেত্রে (স্বীয় ধর্মের)<br>(ক) থিওলজিক্যাল কোর্স সম্পন্নকরণসহ স্নাতক ডিগ্রি ও বিএড ডিগ্রি।<br>(খ) থিওলজিক্যাল কোর্স সম্পন্নকরণসহ স্নাতক ডিগ্রি।<br>সমগ্র শিক্ষা জীবনে ১ (এক) টির বেশি ৩য় বিভাগ/শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে না। |
| ১৯. | সহকারী শিক্ষক (ধর্ম ও নৈতিক শিক্ষা) | ইসলাম শিক্ষা | • এসএসসি (ভোকেশনাল) ইনস্টিটিউট<br>• দাখিল ভোকেশনাল মাদরাসা | ইসলাম ধর্মের ক্ষেত্রে:<br>ন্যূনতম ২য় শ্রেণির ফাজিল ডিগ্রি<br>সমগ্র শিক্ষা জীবনে যে কোন ০১টি ৩য় শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে। |
| ২০. | সহকারী শিক্ষক (ধর্ম ও নৈতিক শিক্ষা) | হিন্দুধর্ম শিক্ষা | • এসএসসি (ভোকেশনাল) ইনস্টিটিউট<br>• দাখিল ভোকেশনাল মাদরাসা | হিন্দু ধর্মের ক্ষেত্রে:<br>উপাধি ডিগ্রি/সংস্কৃত বিষয়সহ ২য় শ্রেণির স্নাতক ডিগ্রি।<br>সমগ্র শিক্ষা জীবনে যে কোন ০১টি ৩য় শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে। |
| ২১. | সহকারী শিক্ষক (ধর্ম ও নৈতিক শিক্ষা) | বৌদ্ধধর্ম শিক্ষা | • এসএসসি (ভোকেশনাল) ইনস্টিটিউট<br>• দাখিল ভোকেশনাল মাদরাসা | বৌদ্ধ ধর্মের ক্ষেত্রে:<br>পালি বিষয়সহ স্নাতক ডিগ্রি।<br>সমগ্র শিক্ষা জীবনে যে কোন ০১টি ৩য় শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে। |
| ২২. | সহকারী শিক্ষক (ধর্ম ও নৈতিক শিক্ষা) | খ্রিস্টধর্ম শিক্ষা | • এসএসসি (ভোকেশনাল) ইনস্টিটিউট<br>• দাখিল ভোকেশনাল মাদরাসা | খ্রিস্টধর্মের ক্ষেত্রে:<br>থিওলজিক্যাল কোর্স সম্পন্নকরণসহ ২য় শ্রেণির স্নাতক ডিগ্রি।<br>সমগ্র শিক্ষা জীবনে যে কোন ০১টি ৩য় শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে। |
| ২৩. | সহকারী শিক্ষক (কৃষি) | কৃষি শিক্ষা | • নিম্ন মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-৮ম)<br>• মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-১০ম)<br>• উচ্চ মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-১২শ) | (ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে নিম্নের যেকোন একটি বিষয়সহ স্নাতক/সমমান থাকতে হবেঃ<br>কৃষি/কৃষি অর্থনীতি/মৎস্য/পশুপালন/কৃষি প্রকৌশল/বনবিদ্যা/পরিবেশ বিজ্ঞান/জেনেটিক ইঞ্জিনিয়ারিং/মৃত্তিকা বিজ্ঞান/ডিভিএম<br>অথবা<br>কৃষি ডিপ্লোমা/সমমান।<br>(উপরে বর্ণিত সংশ্লিষ্ট বিষয়সহ বিএড ডিগ্রি থাকলে অগ্রাধিকার পাবে)।<br>অথবা<br>উদ্ভিদবিদ্যা/প্রাণিবিদ্যা বিষয়ে স্নাতকসহ বিএড ডিগ্রি<br>(খ) উদ্ভিদবিদ্যা/প্রাণিবিদ্যা বিষয়ে স্নাতক ডিগ্রি<br>সমগ্র শিক্ষা জীবনে ০১ (এক) টির বেশি ৩য় বিভাগ/শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে না।<br>বিএড ডিগ্রিধারীরা অগ্রাধিকার পাবে। |

| ক্রমিক নং | পদের নাম (সর্বশেষ এমপিও নীতিমালা অনুসারে) | পরীক্ষার সংশ্লিষ্ট বিষয়/ট্রেড | শিক্ষা প্রতিষ্ঠানের ধরণ | সর্বশেষ এমপিও নীতিমালা অনুসারে প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ২৪. | সহকারী শিক্ষক (কৃষি) | কৃষি শিক্ষা | • দাখিল মাদরাসা (১ম-১০ম)<br>• আলিম মাদরাসা (১ম-১২শ)<br>• ফাজিল মাদরাসা (১ম-১৫শ)<br>• কামিল মাদরাসা (১ম-১৭শ) | (ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বি.এড সহ নিম্নলিখিত যে কোন একটি ডিগ্রি/সমমান থাকতে হবে।<br>বিএসসি (পাস/সম্মান) [কৃষি/কৃষি অর্থনীতি/মৎস্য/পশুপালন/কৃষি প্রকৌশল/উদ্ভিদবিজ্ঞান/প্রাণিবিজ্ঞান/মৃত্তিকা বিজ্ঞান/ডিভিএম]।<br>অথবা<br>(খ) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে নিম্নলিখিত যে কোন একটি ডিগ্রি/সমমান থাকতে হবে।<br>বিএসসি (পাস/সম্মান) [কৃষি/কৃষি অর্থনীতি/মৎস্য/পশুপালন/কৃষি প্রকৌশল/উদ্ভিদবিজ্ঞান/প্রাণিবিজ্ঞান/মৃত্তিকা বিজ্ঞান/ডিভিএম]।<br>অথবা<br>(গ) কৃষি ডিপ্লোমা/সমমান।<br>সমগ্র শিক্ষা জীবনে যে কোন ১টি ৩য় বিভাগ/সমমান গ্রহণযোগ্য হবে। |
| ২৫. | সহকারী শিক্ষক (কৃষি) | কৃষি শিক্ষা | • এসএসসি (ভোকেশনাল) ইনস্টিটিউট<br>• দাখিল ভোকেশনাল মাদরাসা | (ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিএসসি ইন কৃষি/কৃষি অর্থনীতি/মৎস্য/প্রাণী চিকিৎসা ও উৎপাদন/পশুপালন/কৃষি প্রকৌশল/ডিভিএম/মৃত্তিকা বিজ্ঞান বিষয়ে ২য় শ্রেণির (সমমান সিজিপিএ) স্নাতক ডিগ্রি।<br>অথবা<br>(খ) ০৩ (তিন) বা ০৪ (চার) বৎসর মেয়াদি কৃষি ডিপ্লোমায় ২য় বিভাগ বা সমমান জিপিএ।<br>বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতীত সমগ্র শিক্ষা জীবনে যে কোন ১টি ৩য় শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে। |
| ২৬. | সহকারী শিক্ষক (চারু ও কারুকলা) | চারু ও কারুকলা | • নিম্ন মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-৮ম)<br>• মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-১০ম)<br>• উচ্চ মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-১২শ) | ১) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে চারুকলায় স্নাতক ডিগ্রি ও বিএড ডিগ্রি/সমমান।<br>অথবা<br>স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রি/সমমান ও বিএড ডিগ্রিসহ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হতে ০১ বছর মেয়াদি অ্যাডভান্সড সার্টিফিকেট ইন ফাইন আর্টস<br>২) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে চারুকলায় স্নাতক ডিগ্রি<br>অথবা<br>স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রি/সমমানসহ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হতে ০১ বছর মেয়াদি অ্যাডভান্সড সার্টিফিকেট ইন ফাইন আর্টস।<br>সমগ্র শিক্ষা জীবনে ০১ (এক) টির বেশি ৩য় বিভাগ/শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে না। |

| ক্রমিক নং | পদের নাম (সর্বশেষ এমপিও নীতিমালা অনুসারে) | পরীক্ষার সংশ্লিষ্ট বিষয়/ট্রেড | শিক্ষা প্রতিষ্ঠানের ধরণ | সর্বশেষ এমপিও নীতিমালা অনুসারে প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ২৭. | সহকারী শিক্ষক (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি | • নিম্ন মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-৮ম)<br>• মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-১০ম)<br>• উচ্চ মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-১২শ) | ১। কম্পিউটার বিজ্ঞান/কম্পিউটার ইঞ্জিনিয়ারিং/তথ্য প্রযুক্তি (আই.টি.)/তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ে স্নাতক/সমমান।<br>অথবা<br>বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হতে ০৩ (তিন) বছর মেয়াদি ডিপ্লোমা-ইন-কম্পিউটার সায়েন্স ডিগ্রি।<br>অথবা<br>স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রি/সমমান ও বি.এড. ডিগ্রিসহ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড অনুমোদিত প্রতিষ্ঠান হতে ০১ (এক) বছর মেয়াদি অ্যাডভান্সড সার্টিফিকেট কোর্স ইন কম্পিউটার টেকনোলজি।<br>২। স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার বিজ্ঞান/আই.সি.টি. বিষয়সহ স্নাতক ডিগ্রি/সমমান।<br>অথবা<br>স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রি/সমমানসহ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড অনুমোদিত প্রতিষ্ঠান হতে ০১ (এক) বছর মেয়াদি অ্যাডভান্সড সার্টিফিকেট কোর্স ইন কম্পিউটার টেকনোলজি।<br>সমগ্র শিক্ষা জীবনে ০১ (এক) টির বেশি ৩য় বিভাগ/শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে না। |
| ২৮. | সহকারী শিক্ষক (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি | • দাখিল মাদরাসা (১ম-১০ম)<br>• আলিম মাদরাসা (১ম-১২শ)<br>• ফাজিল মাদরাসা (১ম-১৫শ)<br>• কামিল মাদরাসা (১ম-১৭শ) | কম্পিউটার বিজ্ঞান/কম্পিউটার ইঞ্জিনিয়ারিং/তথ্য প্রযুক্তি (আই.টি.)/তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ে স্নাতক/সমমান।<br>অথবা<br>বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হতে ০৩ (তিন) বছর মেয়াদি ডিপ্লোমা-ইন-কম্পিউটার সায়েন্স ডিগ্রি/সমমান।<br>সমগ্র শিক্ষা জীবনে যে কোন ১টি ৩য় বিভাগ/সমমান গ্রহণযোগ্য। |
| ২৯. | সহকারী শিক্ষক (শারীরিক শিক্ষা)/শরীরচর্চা শিক্ষক | শারীরিক শিক্ষা ও ক্রীড়া | • নিম্ন মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-৮ম)<br>• মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-১০ম)<br>• উচ্চ মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-১২শ)<br>• উচ্চ মাধ্যমিক কলেজ (১১শ-১২শ)<br>• স্নাতক (পাশ) কলেজ (১১শ-১৫শ)<br>• দাখিল মাদরাসা (১ম-১০ম)<br>• আলিম মাদরাসা (১ম-১২শ)<br>• ফাজিল মাদরাসা (১ম-১৫শ)<br>• কামিল মাদরাসা (১ম-১৭শ) | ১. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রি/সমমান ও বিপিএড ডিগ্রি/সমমান।<br>অথবা<br>২. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ও জুনিয়র ফিজিক্যাল ডিপ্লোমা।<br>সমগ্র শিক্ষা জীবনে ০১ (এক) টির বেশি ৩য় বিভাগ/শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে না।<br>বালিকা বিদ্যালয় ও মহিলা কলেজে এ পদে শুধুমাত্র মহিলা প্রার্থীরাই আবেদনের যোগ্য হবেন। |

| ক্রমিক নং | পদের নাম (সর্বশেষ এমপিও নীতিমালা অনুসারে) | পরীক্ষার সংশ্লিষ্ট বিষয়/ট্রেড | শিক্ষা প্রতিষ্ঠানের ধরণ | সর্বশেষ এমপিও নীতিমালা অনুসারে প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ৩০. | সহকারী শিক্ষক (শরীর চর্চা) | শারীরিক শিক্ষা ও ক্রীড়া | • এসএসসি (ভোকেশনাল) ইনস্টিটিউট<br>• দাখিল ভোকেশনাল মাদরাসা | (১) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ২য় শ্রেণির (সমমান সিজিপিএ) স্নাতক ডিগ্রি এবং সরকার স্বীকৃত প্রতিষ্ঠান হতে ফিজিক্যাল এডুকেশন এ ডিপ্লোমা অথবা ২য় শ্রেণির (সমমান সিজিপিএ) বিপিএড।<br>অথবা<br>(২) স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হতে ২য় শ্রেণির (সমমান সিজিপিএ) স্নাতকসহ জুনিয়র ডিপ্লোমা/ফিজিক্যাল এডুকেশন প্রশিক্ষণ প্রাপ্ত।<br>বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতীত সমগ্র শিক্ষা জীবনে যে কোন ১টি ৩য় শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে। |
| ৩১. | জুনিয়র ইন্সট্রাক্টর (শরীরচর্চা) | শারীরিক শিক্ষা ও ক্রীড়া | • এইচএসসি (ভোকেশনাল) কলেজ/ইনস্টিটিউট | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ২য় শ্রেণির (সমমান সিজিপিএ) স্নাতকোত্তর ডিগ্রিসহ ফিজিক্যাল এডুকেশন এ ডিপ্লোমা।<br>অথবা<br>২য় শ্রেণির (সমমান সিজিপিএ) বিপিএড।<br>বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতীত সমগ্র শিক্ষা জীবনে যে কোন ১টি ৩য় শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে। |
| ৩২. | সহকারী শিক্ষক (শরীর চর্চা) | | • এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা) কলেজ/ইনস্টিটিউট | |
| ৩৩. | সহকারী প্রশিক্ষক (শরীরচর্চা) | | • ডিপ্লোমা ইন এগ্রিকালচার ইনস্টিটিউট<br>• ডিপ্লোমা ইন ফিশারিজ ইনস্টিটিউট | |
| ৩৪. | প্রদর্শক (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি | • উচ্চ মাধ্যমিক বিদ্যালয়(৬ষ্ঠ-১২শ)<br>• উচ্চ মাধ্যমিক কলেজ (১১শ-১২শ)<br>• স্নাতক (পাস) কলেজ (১১শ-১৫শ) | কম্পিউটার বিজ্ঞান/কম্পিউটার ইঞ্জিনিয়ারিং/তথ্য প্রযুক্তি (আই.টি.)/তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ে স্নাতক/সমমান।<br>অথবা<br>বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হতে ৩ (তিন) বছর মেয়াদি ডিপ্লোমা ইন-কম্পিউটার সায়েন্স ডিগ্রি।<br>সমগ্র শিক্ষা জীবনে ০১ (এক) টির বেশি ৩য় বিভাগ/শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে না। |
| ৩৫. | প্রদর্শক (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি | • আলিম মাদরাসা (১ম-১২শ)<br>• ফাজিল মাদরাসা (১ম-১৫শ)<br>• কামিল মাদরাসা (১ম-১৭শ) | কম্পিউটার বিজ্ঞান/কম্পিউটার ইঞ্জিনিয়ারিং এ স্নাতক/সমমান।<br>অথবা<br>বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হতে ৩ (তিন) বছর মেয়াদী ডিপ্লোমা-ইন-কম্পিউটার সায়েন্স ডিগ্রি/সমমান।<br>সমগ্র শিক্ষা জীবনের যেকোন ১টি ৩য় বিভাগ/সমমান গ্রহণযোগ্য। |
| ৩৬. | কম্পিউটার প্রদর্শক | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি | • এসএসসি (ভোকেশনাল) ইনস্টিটিউট<br>• দাখিল ভোকেশনাল মাদরাসা<br>• এইচএসসি (ভোকেশনাল) কলেজ/ইনস্টিটিউট<br>• এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা) কলেজ/ইনস্টিটিউট<br>• ডিপ্লোমা ইন এগ্রিকালচার ইনস্টিটিউট<br>• ডিপ্লোমা ইন ফিশারিজ ইনস্টিটিউট | কোন স্বীকৃত বোর্ড হতে কম্পিউটার টেকনোলজিতে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং ২য় বিভাগ (সমমান সিজিপিএ)।<br>বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতীত সমগ্র শিক্ষা জীবনে যে কোন ১টি ৩য় শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে। |

| ক্রমিক নং | পদের নাম (সর্বশেষ এমপিও নীতিমালা অনুসারে) | পরীক্ষার সংশ্লিষ্ট বিষয়/ট্রেড | শিক্ষা প্রতিষ্ঠানের ধরণ | সর্বশেষ এমপিও নীতিমালা অনুসারে প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ৩৭. | প্রদর্শক (পদার্থবিজ্ঞান) | পদার্থবিজ্ঞান | • উচ্চ মাধ্যমিক বিদ্যালয়(৬ষ্ঠ-১২শ)<br>• উচ্চ মাধ্যমিক কলেজ (১১শ-১২শ)<br>• স্নাতক (পাস) কলেজ (১১শ-১৫শ) | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়সহ ২য় বিভাগে স্নাতক/স্নাতক (সম্মান) ডিগ্রি/সমমান। বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতীত সমগ্র শিক্ষা জীবনের অন্যান্য স্তরে ০১ (এক) টির বেশি ৩য় শ্রেণি/বিভাগ/সমমান গ্রহণযোগ্য হবে না। |
| ৩৮. | প্রদর্শক (রসায়ন) | রসায়ন | | |
| ৩৯. | প্রদর্শক (উদ্ভিদবিজ্ঞান) | উদ্ভিদবিজ্ঞান | | |
| ৪০. | প্রদর্শক (প্রাণিবিজ্ঞান) | প্রাণিবিজ্ঞান | | |
| ৪১. | প্রদর্শক (পদার্থবিজ্ঞান) | পদার্থবিজ্ঞান | • আলিম মাদরাসা (১ম-১২শ)<br>• ফাজিল মাদরাসা (১ম-১৫শ)<br>• কামিল মাদরাসা (১ম-১৭শ) | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ২য় বিভাগে স্নাতক ডিগ্রি/সমমান।<br>বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতীত শিক্ষা জীবনের অন্যান্য স্তরে যে কোন একটি ৩য় বিভাগ/সমমান গ্রহণযোগ্য হবে।<br>অথবা<br>স্নাতকোত্তর/সমমান পর্যায়ের ২য় শ্রেণি থাকলে অন্যান্য পর্যায়ে যেকোন একটি ৩য় বিভাগ/সমমান গ্রহণযোগ্য হবে। |
| ৪২. | প্রদর্শক (রসায়ন) | রসায়ন | | |
| ৪৩. | প্রদর্শক (জীববিজ্ঞান) | জীববিজ্ঞান (উদ্ভিদবিজ্ঞান/প্রাণিবিজ্ঞান) | | |
| ৪৪. | সহকারী মৌলভী | আরবি | • দাখিল মাদরাসা (১ম-১০ম)<br>• আলিম মাদরাসা (১ম-১২শ)<br>• ফাজিল মাদরাসা (১ম-১৫শ)<br>• কামিল মাদরাসা (১ম-১৭শ) | (১) বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড হতে ফাযিল ডিগ্রিসহ বিএড/বিএমএড/সমমান।<br>অথবা<br>ইসলামি বিশ্ববিদ্যালয় হতে আল-কুরআন অ্যান্ড ইসলামিক স্টাডিজ, আল হাদীস অ্যান্ড ইসলামিক স্টাডিজ, দা'ওয়াহ অ্যান্ড ইসলামিক স্টাডিজ, আল ফিক্হ অ্যান্ড লিগ্যাল স্টাডিজ বিষয়ে ০৪ বছরের অনার্স (সম্মান) ডিগ্রি;<br>অথবা<br>স্বীকৃত বিশ্ববিদ্যালয়ের আরবি বিভাগে ০৪ বছরের অনার্স (সম্মান) ডিগ্রি।<br>(২) বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড হতে ফাজিল ডিগ্রি;<br>অথবা<br>ইসলামী বিশ্ববিদ্যালয়/ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত মাদরাসাসমূহ হতে ফাজিল ডিগ্রি।<br>সমগ্র শিক্ষা জীবনে যে কোন ১টি ৩য় বিভাগ বা শ্রেণি গ্রহণযোগ্য হবে। |
| ৪৫. | ইবতেদায়ি শিক্ষক | ভাষা (বাংলা ও ইংরেজি) | • দাখিল মাদরাসা (১ম-১০ম)<br>• আলিম মাদরাসা (১ম-১২শ)<br>• ফাজিল মাদরাসা (১ম-১৫শ)<br>• কামিল মাদরাসা (১ম-১৭শ) | এইচ.এস.সি/সমমান।<br>সমগ্র শিক্ষা জীবনে যেকোন ১টি ৩য় বিভাগ বা শ্রেণি গ্রহণযোগ্য হবে। |
| ৪৬. | ইবতেদায়ি মৌলভী | কুরআন মাজিদ,তাজবিদ ও ফিক্হ | • দাখিল মাদরাসা (১ম-১০ম)<br>• আলিম মাদরাসা (১ম-১২শ)<br>• ফাজিল মাদরাসা (১ম-১৫শ)<br>• কামিল মাদরাসা (১ম-১৭শ) | বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে আলিম ডিগ্রি।<br>সমগ্র শিক্ষা জীবনে যেকোন ১টি ৩য় বিভাগ বা শ্রেণি গ্রহণযোগ্য হবে। |
| ৪৭. | ইবতেদায়ি ক্বারী | কুরআন মাজিদ,তাজবিদ ও ফিক্হ | • দাখিল মাদরাসা (১ম-১০ম)<br>• আলিম মাদরাসা (১ম-১২শ)<br>• ফাজিল মাদরাসা (১ম-১৫শ)<br>• কামিল মাদরাসা (১ম-১৭শ) | বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে দাখিল মুজাব্বিদ অথবা আলিম মুজাব্বিদ মাহির।<br>সমগ্র শিক্ষা জীবনে যেকোন ১টি ৩য় বিভাগ বা শ্রেণি গ্রহণযোগ্য হবে। |

| ক্রমিক নং | পদের নাম (সর্বশেষ এমপিও নীতিমালা অনুসারে) | পরীক্ষার সংশ্লিষ্ট বিষয়/ট্রেড | শিক্ষা প্রতিষ্ঠানের ধরণ | সর্বশেষ এমপিও নীতিমালা অনুসারে প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ৪৮. | সহকারী মৌলভী (ক্বারী) | তাজবিদ | • দাখিল মাদরাসা (১ম-১০ম)<br>• আলিম মাদরাসা (১ম-১২শ)<br>• ফাজিল মাদরাসা (১ম-১৫শ)<br>• কামিল মাদরাসা (১ম-১৭শ) | বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে দাখিল (মুজাব্বিদ)সহ ফাযিল ডিগ্রি।<br>অথবা<br>ইসলামি বিশ্ববিদ্যালয়/ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত মাদ্রাসাসমূহ হতে দাখিল (মুজাব্বিদ) সহ ফাযিল ডিগ্রি।<br>অথবা<br>দাখিল (মুজাব্বিদ)সহ স্বীকৃত বিশ্ববিদ্যালয়ের আরবি বিভাগে অনার্স ডিগ্রি।<br>সর্বশেষ ডিগ্রি ব্যতীত শিক্ষা জীবনের অন্যান্য স্তরে যেকোন ১টি তে ৩য় শ্রেণি বা সমমান গ্রহণযোগ্য হবে। |
| ৪৯. | সহকারী শিক্ষক (গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান) | গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান | • মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-১০ম)<br>• উচ্চ মাধ্যমিক বিদ্যালয়(৬ষ্ঠ-১২শ)<br>• উচ্চ মাধ্যমিক কলেজ (১১শ-১২শ)<br>• স্নাতক (পাস) কলেজ (১১শ-১৫শ) | ১) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিষয়সহ স্নাতক ডিগ্রি/সমমান।<br>**অথবা**<br>২) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রি/সমমানসহ গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা।<br>সমগ্র শিক্ষা জীবনে ০১ (এক) টির বেশি ৩য় বিভাগ/শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে না। |
| ৫০. | সহকারী শিক্ষক (গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান) | গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান | • দাখিল মাদ্রাসা (১ম-১০ম)<br>• আলিম মাদ্রাসা (১ম-১২শ)<br>• ফাযিল মাদ্রাসা (১ম-১৫শ)<br>• কামিল মাদ্রাসা (১ম-১৭শ) | বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড/ইসলামি বিশ্ববিদ্যালয়ের/ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় এর অধিভুক্ত মাদ্রাসাসমূহ হতে ফাযিল ও গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা।<br>**অথবা**<br>স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে আরবি বিষয়ে স্নাতক (সম্মান) ডিগ্রি ও গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা।<br>সমগ্র শিক্ষা জীবনে যে কোন ১টি ৩য় বিভাগ বা শ্রেণি গ্রহণযোগ্য হবে। |
| ৫১. | সহকারী শিক্ষক (গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান) | গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান | • এসএসসি (ভোকেশনাল) ইনস্টিটিউট<br>• দাখিল (ভোকেশনাল) মাদ্রাসা<br>• এইচএসসি (ভোকেশনাল) ইনস্টিটিউট<br>• এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা) কলেজ/ইনস্টিটিউট<br>• ডিপ্লোমা ইন এগ্রিকালচার ইনস্টিটিউট<br>• ডিপ্লোমা ইন ফিশারিজ ইনস্টিটিউট | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ২য় বিভাগে গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিষয়সহ স্নাতক ডিগ্রি/সমমান<br>**অথবা**<br>স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ২য় শ্রেণির স্নাতক ডিগ্রি/সমমানসহ গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা।<br>বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতীত সমগ্র শিক্ষা জীবনে যে কোন ০১ টি ৩য় শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে। |
| ৫২. | ট্রেড ইনস্ট্রাক্টর (সংশ্লিষ্ট ট্রেড) | ১. ফুড প্রসেসিং<br>২. সিভিল কনস্ট্রাকশন<br>৩. জেনারেল ইলেক্ট্রিক্যাল ওয়ার্কস<br>৪. জেনারেল ইলেক্ট্রনিক্স ওয়ার্কস<br>৫. ড্রেস মেকিং<br>৬. ইনফরমেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলিজ<br>৭. জেনারেল ম্যাকানিক্স<br>৮. রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং<br>৯. প্লাম্বিং অ্যান্ড পাইপ ফিটিং<br>১০. ওয়েল্ডিং অ্যান্ড ফ্যাব্রিকেশন | • মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-১০ম)<br>• উচ্চ মাধ্যমিক বিদ্যালয়(৬ষ্ঠ-১২শ) | কোন স্বীকৃত বোর্ড হতে সংশ্লিষ্ট টেকনোলজিতে ন্যূনতম ২য় বিভাগে (সমমান সি.জি.পি.এ.) ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং/ডিপ্লোমা-ইন-টেকনিক্যাল এডুকেশন/ডিপ্লোমা-ইন-ভোকেশনাল এডুকেশন/ডিপ্লোমা-ইন-টেক্সটাইল/কৃষি ডিপ্লোমা [০৩ (তিন) অথবা ৪ (চার) বছর মেয়াদি]।<br>সমগ্র শিক্ষা জীবনে ১ (এক) টির বেশি ৩য় বিভাগ/শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে না। |

| ক্রমিক নং | পদের নাম (সর্বশেষ এমপিও নীতিমালা অনুসারে) | পরীক্ষার সংশ্লিষ্ট বিষয়/ট্রেড | শিক্ষা প্রতিষ্ঠানের ধরণ | সর্বশেষ এমপিও নীতিমালা অনুসারে প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ৫৩. | ট্রেড ইনস্ট্রাক্টর (সংশ্লিষ্ট ট্রেড) | ১. এগ্রোবেসড্ ফুড<br>২. জেনারেল ইলেকট্রনিক্স<br>৩. অটোমোবাইল অ্যান্ড অটো-ইলেকট্রিক বেসিকস (অটোমোটিভ)<br>৪. সিভিল কন্সট্রাকশন অ্যান্ড সেফটি (বিল্ডিং মেইনটেন্যান্স/ সিভিল কন্সট্রাকশন)<br>৫. আইটি সাপোর্ট অ্যান্ড আইওটি বেসিকস (কম্পিউটার ও তথ্য প্রযুক্তি)<br>৬. এপারেল ম্যানুফেকচারিং বেসিকস (ড্রেস মেকিং)<br>৭. ফার্ম মেশিনারি<br>৮. ফিস কালচার এন্ড ব্রিডিং/শ্রিম্প কালচার এন্ড ব্রিডিং<br>৯. ফুড প্রসেসিং এন্ড প্রিজার্ভেশন<br>১০. জেনারেল ম্যাকানিক্স<br>১১. পোল্ট্রি রিয়ারিং এন্ড ফার্মিং<br>১২. জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস/ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স ওয়ার্কস<br>১৩. রিফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং<br>১৪. ফ্লাওয়ার, ফ্রুট এন্ড ভেজিটেবল কাল্টিভেশন<br>১৫. ওয়েল্ডিং এন্ড ফেব্রিকেশন<br>১৬. সিভিল ড্রাফটিং উইথ ক্যাড<br>১৭. মেকানিক্যাল ড্রাফটিং উইথ ক্যাড<br>১৮. লাইভস্টক রিয়ারিং এন্ড ফার্মিং<br>১৯. পেশেন্ট কেয়ার<br>২০. প্লাম্বিং এন্ড পাইপ ফিটিং<br>২১. আর্কিটেকচারাল ড্রাফটিং উইথ ক্যাড। | • এসএসসি (ভোকেশনাল) ইনস্টিটিউট<br>• দাখিল ভোকেশনাল মাদরাসা | কোন স্বীকৃত বোর্ড হতে সংশ্লিষ্ট টেকনোলজিতে ন্যূনতম ২য় বিভাগে (সমমান সিজিপিএ) ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং/ডিপ্লোমা-ইন-টেকনিক্যাল এডুকেশন/ডিপ্লোমা-ইন ভোকেশনাল এডুকেশন/কৃষি ডিপ্লোমা (তিন অথবা চার বছর মেয়াদী)।<br>বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতীত সমগ্র শিক্ষা জীবনে যে কোন ১টি ৩য় শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে। |
| ৫৪. | গ্রন্থাগার প্রভাষক | গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান | • স্নাতক (পাস) কলেজ (১১শ-১৫শ) | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞানে অনার্সসহ ২য় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি/সমমান।<br>**অথবা**<br>স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকসহ সংশ্লিষ্ট বিষয়ে দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি/সমমান।<br>বর্ণিত সর্বশেষ ডিগ্রিতে ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণি/সমমান থাকতে হবে এবং অন্যান্য ডিগ্রিগুলোতে ০১ (এক) টির বেশি ৩য় বিভাগ/শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে না। |

| ক্রমিক নং | পদের নাম (সর্বশেষ এমপিও নীতিমালা অনুসারে) | পরীক্ষার সংশ্লিষ্ট বিষয়/ট্রেড | শিক্ষা প্রতিষ্ঠানের ধরণ | সর্বশেষ এমপিও নীতিমালা অনুসারে প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ৫৫. | গ্রন্থাগার প্রভাষক | গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান | • ফাযিল মাদ্রাসা (১ম-১৫শ)<br>• কামিল মাদ্রাসা (১ম-১৭শ) | বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড অথবা ইসলামি বিশ্ববিদ্যালয়/ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত মাদ্রাসা সমূহ হতে কামিল ও গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা।<br>সমগ্র জীবনে যে কোন ১টি ৩য় বিভাগ বা শ্রেণি গ্রহণযোগ্য হবে। |
| ৫৬. | প্রভাষক (সংশ্লিষ্ট বিষয়) | ১. বাংলা<br>২. ইংরেজি<br>৩. অর্থনীতি<br>৪. রাষ্ট্রবিজ্ঞান<br>৫. ইতিহাস<br>৬. ইসলামের ইতিহাস ও সংস্কৃতি<br>৭. দর্শন<br>৮. সমাজবিজ্ঞান<br>৯.সমাজকল্যাণ/সমাজকর্ম<br>১০. মনোবিজ্ঞান<br>১১. সংস্কৃত<br>১২. পদার্থবিজ্ঞান<br>১৩. রসায়ন<br>১৪. গণিত<br>১৫. প্রাণিবিজ্ঞান<br>১৬. উদ্ভিদ বিজ্ঞান<br>১৭. ভূগোল ও পরিবেশ বিজ্ঞান<br>১৮. পরিসংখ্যান<br>১৯. মৃত্তিকা বিজ্ঞান<br>২০. ব্যবস্থাপনা<br>২১. গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান<br>২২. ইসলাম শিক্ষা<br>২৩. পালি<br>২৪. হিসাববিজ্ঞান<br>২৫. কৃষিবিজ্ঞান<br>২৬. গার্হস্থ্য অর্থনীতি | • উচ্চ মাধ্যমিক বিদ্যালয়(৬ষ্ঠ-১২শ)<br>• উচ্চ মাধ্যমিক কলেজ (১১শ-১২শ)<br>• স্নাতক (পাস) কলেজ (১১শ-১৫শ)<br>• আলিম মাদরাসা (১ম-১২শ)<br>• ফাজিল মাদরাসা (১ম-১৫শ)<br>• কামিল মাদরাসা (১ম-১৭শ) | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকে সংশ্লিষ্ট বিষয়সহ ২য় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি।<br>অথবা<br>স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ৪ (চার) বছর মেয়াদি ২য় শ্রেণি/সমমানের স্নাতক (সম্মান) ডিগ্রি।<br>বর্ণিত সর্বশেষ ডিগ্রিতে ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণি/সমমান থাকতে হবে এবং অন্যান্য ডিগ্রিগুলোতে ০১ (এক) টির বেশি ৩য় বিভাগ/শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে না। |
| ৫৭. | প্রভাষক (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি | • উচ্চ মাধ্যমিক বিদ্যালয়(৬ষ্ঠ-১২শ)<br>• উচ্চ মাধ্যমিক কলেজ (১১শ-১২শ)<br>• স্নাতক (পাস) কলেজ (১১শ-১৫শ) | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার বিজ্ঞান/আইসিটি বিষয়ে ৪ (চার) বছর মেয়াদি ২য় শ্রেণির স্নাতক (সম্মান) ডিগ্রি।<br>অথবা<br>স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার বিজ্ঞান/আইসিটি বিষয়সহ স্নাতক ডিগ্রি এবং কম্পিউটার বিজ্ঞান/আইসিটি বিষয়ে ২য় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি।<br>বর্ণিত সর্বশেষ ডিগ্রিতে ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণি/সমমান থাকতে হবে এবং অন্যান্য ডিগ্রিগুলোতে ০১ (এক) টির বেশি ৩য় বিভাগ/শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে না। |

| ক্রমিক নং | পদের নাম (সর্বশেষ এমপিও নীতিমালা অনুসারে) | পরীক্ষার সংশ্লিষ্ট বিষয়/ট্রেড | শিক্ষা প্রতিষ্ঠানের ধরণ | সর্বশেষ এমপিও নীতিমালা অনুসারে প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ৫৮. | প্রভাষক (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি | • আলিম মাদরাসা (১ম-১২শ)<br>• ফাজিল মাদরাসা (১ম-১৫শ)<br>• কামিল মাদরাসা (১ম-১৭শ) | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার বিজ্ঞান/আইসিটি বিষয়ে ৪ (চার) বছর মেয়াদি ২য় শ্রেণির স্নাতক (সম্মান) ডিগ্রি;<br>স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার বিজ্ঞান/আইসিটি বিষয়সহ স্নাতক ডিগ্রি এবং ২য় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি/সমমান।<br>বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতীত শিক্ষা জীবনের অন্যান্য স্তরে যে কোন ১টিতে ৩য় শ্রেণী বা সমমান গ্রহণযোগ্য হবে। |
| ৫৯. | প্রভাষক (ফিন্যান্স, ব্যাংকিং এন্ড ইন্সুরেন্স) | **ফিন্যান্স, ব্যাংকিং এন্ড ইন্সুরেন্স**<br>[১. ফিন্যান্স<br>২. ব্যাংকিং এন্ড ইন্সুরেন্স] | • উচ্চ মাধ্যমিক বিদ্যালয়(৬ষ্ঠ-১২শ)<br>• উচ্চ মাধ্যমিক কলেজ (১১শ-১২শ)<br>• স্নাতক (পাস) কলেজ (১১শ-১৫শ) | ফিন্যান্স/ব্যাংকিং এন্ড ইন্সুরেন্স বিষয়ে ৪ (চার) বছর মেয়াদি ২য় শ্রেণির স্নাতক (সম্মান) ডিগ্রি;<br>অথবা<br>স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকে ফিন্যান্স/ব্যাংকিং এন্ড ইন্সুরেন্স বিষয়সহ ফিন্যান্স/ব্যাংকিং এন্ড ইন্সুরেন্স বিষয়ে ২য় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি।<br>বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতিত সমগ্র শিক্ষা জীবনের অন্যান্য স্তরে ১টির বেশি ৩য় শ্রেণি/বিভাগ/সমমান গ্রহণযোগ্য হবে না। |
| ৬০. | প্রভাষক (উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন) | **উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন**<br>[১. মার্কেটিং<br>২. ইন্টারন্যাশনাল বিজনেজ<br>৩. ম্যানেজমেন্ট] | • উচ্চ মাধ্যমিক বিদ্যালয়(৬ষ্ঠ-১২শ)<br>• উচ্চ মাধ্যমিক কলেজ (১১শ-১২শ)<br>• স্নাতক (পাস) কলেজ (১১শ-১৫শ) | মার্কেটিং/ইন্টারন্যাশনাল বিজনেজ/ম্যানেজমেন্ট বিষয়ে ৪ (চার) বছর মেয়াদি ২য় শ্রেণির স্নাতক (সম্মান) ডিগ্রি;<br>অথবা<br>স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকে মার্কেটিং/ইন্টারন্যাশনাল বিজনেজ/ম্যানেজমেন্ট বিষয়সহ মার্কেটিং/ইন্টারন্যাশনাল বিজনেজ/ম্যানেজমেন্ট বিষয়ে ২য় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি।<br>বর্ণিত সর্বশেষ ডিগ্রিতে ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণি/সমমান থাকতে হবে এবং অন্যান্য ডিগ্রিগুলোতে ০১ (এক) টির বেশি ৩য় বিভাগ/শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে না। |
| ৬১. | প্রভাষক (আরবি) [শুধমাত্র মাদ্রাসার জন্য) | আরবি | • আলিম মাদরাসা (১ম-১২শ)<br>• ফাজিল মাদরাসা (১ম-১৫শ)<br>• কামিল মাদরাসা (১ম-১৭শ) | বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে কামিল ডিগ্রি বা ইসলামি বিশ্ববিদ্যালয়/ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত মাদরাসাসমূহ হতে কামিল ডিগ্রি।<br>অথবা<br>ইসলামি বিশ্ববিদ্যালয় হতে আল-কুরআন অ্যান্ড ইসলামিক স্টাডিজ, আল হাদীস অ্যান্ড ইসলামিক স্টাডিজ, দা'ওয়াহ অ্যান্ড ইসলামিক স্টাডিজ, আল ফিক্হ অ্যান্ড লিগ্যাল স্টাডিজ বিষয়ে অর্নাসসহ স্নাতকোত্তর ডিগ্রি;<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে আরবি বিষয়ে অনার্সসহ স্নাতকোত্তর ডিগ্রি।<br>সর্বশেষ ডিগ্রি ব্যতীত শিক্ষা জীবনের অন্যান্য স্তরে যে কোন ০১টি তে ৩য় শ্রেণি বা সমমান গ্রহণযোগ্য হবে। |

| ক্রমিক নং | পদের নাম (সর্বশেষ এমপিও নীতিমালা অনুসারে) | পরীক্ষার সংশ্লিষ্ট বিষয়/ট্রেড | শিক্ষা প্রতিষ্ঠানের ধরণ | সর্বশেষ এমপিও নীতিমালা অনুসারে প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ৬২. | প্রভাষক (আরবি) [শুধুমাত্র কলেজের জন্য] | আরবি | • উচ্চ মাধ্যমিক বিদ্যালয়(৬ষ্ঠ-১২শ)<br>• উচ্চ মাধ্যমিক কলেজ (১১শ-১২শ)<br>• স্নাতক (পাস) কলেজ (১১শ-১৫শ) | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকে সংশ্লিষ্ট বিষয়সহ ২য় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি।<br>অথবা<br>স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ৪ বছর মেয়াদী ২য় শ্রেণি/সমমানের স্নাতক (সম্মান) ডিগ্রি।<br>বর্ণিত সর্বশেষ ডিগ্রিতে ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণি/সমমান থাকতে হবে এবং অন্যান্য ডিগ্রিগুলোতে ০১ (এক)টির বেশি ৩য় বিভাগ/শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে না। |
| ৬৩. | প্রভাষক (হাদীস) | হাদীস | • কামিল মাদরাসা (১ম-১৭শ) | বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে কামিল ডিগ্রি বা ইসলামি বিশ্ববিদ্যালয়/ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত মাদ্রাসাসমূহ হতে কামিল ডিগ্রি;<br>অথবা<br>ইসলামি বিশ্ববিদ্যালয় হতে আল কুরআন অ্যান্ড ইসলামিক স্টাডিজ, আল হাদীস অ্যান্ড ইসলামিক স্টাডিজ, দা'ওয়াহ অ্যান্ড ইসলামিক স্টাডিজ, আল ফিকহ অ্যান্ড লিগ্যাল স্টাডিজ বিষয়ে অনার্সসহ স্নাতকোত্তর ডিগ্রি;<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে আরবি বিষয়ে অনার্সসহ স্নাতকোত্তর ডিগ্রি।<br>সর্বশেষ ডিগ্রি ব্যতীত শিক্ষা জীবনের অন্যান্য স্তরে যে কোন ০১টি তে ৩য় শ্রেণি বা সমমান গ্রহণযোগ্য হবে। |
| ৬৪. | প্রভাষক (তাফসীর) | তাফসীর | | |
| ৬৫. | প্রভাষক (ফিক্হ) | ফিক্হ | | |
| ৬৬. | প্রভাষক (আদব) | আদব | | |
| ৬৭. | প্রভাষক (বাংলা) | বাংলা | • এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা) কলেজ/ইনস্টিটিউট | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ৪ বছর মেয়াদী ২য় শ্রেণির (সমমান সিজিপিএ) অনার্স ডিগ্রি/সমমান।<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ০৩ (তিন) বছর মেয়াদী অনার্স ডিগ্রিসহ ২য় শ্রেণির (সমমান সিজিপিএ) স্নাতকোত্তর ডিগ্রি।<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়সহ স্নাতক ও সংশ্লিষ্ট বিষয়ে ১ম শ্রেণির (সমমান সিজিপিএ) স্নাতকোত্তর ডিগ্রি/সমমান।<br>বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতীত সমগ্র শিক্ষা জীবনে যে কোন ১টি ৩য় শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে। |
| ৬৮. | প্রভাষক(ইংরেজি) | ইংরেজি | | |
| ৬৯. | প্রভাষক (গণিত) | গণিত | | |
| ৭০. | প্রভাষক (ব্যবস্থাপনা) | ব্যবস্থাপনা | | |
| ৭১. | ইনস্ট্রাক্টর (টেক)-কৃষি | কৃষি | • ডিপ্লোমা ইন এগ্রিকালচার ইনস্টিটিউট<br>• ডিপ্লোমা ইন ফিশারিজ ইনস্টিটিউট | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ২য় শ্রেণির (সমমান সিজিপিএ) স্নাতক/সমমান।<br>বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতীত সমগ্র শিক্ষা জীবনে যে কোন ১টি ৩য় শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে। |
| ৭২. | ইনস্ট্রাক্টর (টেক)- প্রাণি চিকিৎসা ও উৎপাদন | প্রাণি চিকিৎসা ও উৎপাদন | | |
| ৭৩. | ইনস্ট্রাক্টর (টেক)- মৎস্য | মৎস্য | | |
| ৭৪. | ইনস্ট্রাক্টর (টেক)- কৃষি প্রকৌশল | কৃষি প্রকৌশল | | |

| ক্রমিক নং | পদের নাম (সর্বশেষ এমপিও নীতিমালা অনুসারে) | পরীক্ষার সংশ্লিষ্ট বিষয়/ট্রেড | শিক্ষা প্রতিষ্ঠানের ধরণ | সর্বশেষ এমপিও নীতিমালা অনুসারে প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ৭৫. | ইনস্ট্রাক্টর (নন-টেক)-বাংলা | বাংলা | • ডিপ্লোমা ইন এগ্রিকালচার ইনস্টিটিউট<br>• ডিপ্লোমা ইন ফিশারিজ ইনস্টিটিউট | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ৪ বছর মেয়াদী ২য় শ্রেণির (সমমান সিজিপিএ) অনার্স ডিগ্রি/সমমান।<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ০৩ (তিন) বছর মেয়াদী অনার্স ডিগ্রিসহ ২য় শ্রেণির (সমমান সিজিপিএ) স্নাতকোত্তর ডিগ্রি।<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়সহ স্নাতক ও সংশ্লিষ্ট বিষয়ে ১ম শ্রেণির (সমমান সিজিপিএ) স্নাতকোত্তর ডিগ্রি/সমমান।<br>বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতীত সমগ্র শিক্ষা জীবনে যে কোন ১টি ৩য় শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে। |
| ৭৬. | ইনস্ট্রাক্টর (নন-টেক)-ইংরেজি | ইংরেজি | | |
| ৭৭. | ইনস্ট্রাক্টর (নন-টেক)-গণিত, পরিমিতি ও পরিসংখ্যান | গণিত, পরিমিতি ও পরিসংখ্যান | | |
| ৭৮. | ইনস্ট্রাক্টর (নন-টেক)-পদার্থ | পদার্থ | | |
| ৭৯. | ইনস্ট্রাক্টর (নন-টেক)-রসায়ন | রসায়ন | | |
| ৮০. | ইনস্ট্রাক্টর (নন-টেক)-ব্যবস্থাপনা | ব্যবস্থাপনা | • ডিপ্লোমা ইন এগ্রিকালচার ইনস্টিটিউট | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ৪ বছর মেয়াদী ২য় শ্রেণির (সমমান সিজিপিএ) অনার্স ডিগ্রি/সমমান।<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ০৩ (তিন) বছর মেয়াদী অনার্স ডিগ্রিসহ ২য় শ্রেণির (সমমান সিজিপিএ) স্নাতকোত্তর ডিগ্রি।<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়সহ স্নাতক ও সংশ্লিষ্ট বিষয়ে ১ম শ্রেণির (সমমান সিজিপিএ) স্নাতকোত্তর ডিগ্রি/সমমান।<br>বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতীত সমগ্র শিক্ষা জীবনে যে কোন ১টি ৩য় শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে। |
| ৮১. | ইনস্ট্রাক্টর (নন-টেক)-হিসাববিজ্ঞান | হিসাববিজ্ঞান | • ডিপ্লোমা ইন ফিশারিজ ইনস্টিটিউট | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ৪ বছর মেয়াদী ২য় শ্রেণির (সমমান সিজিপিএ) অনার্স ডিগ্রি/সমমান।<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ০৩ (তিন) বছর মেয়াদী অনার্স ডিগ্রিসহ ২য় শ্রেণির (সমমান সিজিপিএ) স্নাতকোত্তর ডিগ্রি।<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়সহ স্নাতক ও সংশ্লিষ্ট বিষয়ে ১ম শ্রেণির (সমমান সিজিপিএ) স্নাতকোত্তর ডিগ্রি/সমমান।<br>বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতীত সমগ্র শিক্ষা জীবনে যে কোন ১টি ৩য় শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে। |

১৬। **সিলেবাস প্রাপ্তি:**

ক. প্রিলিমিনারি টেস্ট ও লিখিত পরীক্ষার বিষয়ভিত্তিক সিলেবাস NTRCA-এর ওয়েবসাইটের (www.ntrca.gov.bd) সিলেবাস সংক্রান্ত সেবাবক্স এবং http://ntrca.teletalk.com.bd লিংকে পাওয়া যাবে।

খ. সিলেবাস অনুসারে পরীক্ষা অনুষ্ঠিত হবে।

গ. অনুচ্ছেদ ১৫ এর-

(১) ক্রমিক ৫-এর সহকারী শিক্ষক (সামাজিক বিজ্ঞান) পদে সাতটি বিষয়ে যথা- ১.অর্থনীতি ২. রাষ্ট্রবিজ্ঞান ৩. ইতিহাস ৪. ইসলামের ইতিহাস ও সংস্কৃতি ৫. সমাজবিজ্ঞান ৬. সমাজকল্যাণ/ সমাজকর্ম ও ৭. ভূগোল ও পরিবেশ বিজ্ঞান সমন্বয়ে প্রণীত একটি প্রশ্নপত্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে।

(২) ক্রমিক ১০-এর সহকারী শিক্ষক (ভৌত বিজ্ঞান) পদে দু'টি বিষয়ে যথা- ১. পদার্থবিজ্ঞান ও ২. রসায়ন সমন্বয়ে প্রণীত একটি প্রশ্নপত্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে।

(৩) ক্রমিক ১৩-এর সহকারী শিক্ষক (জীববিজ্ঞান) পদে দু'টি বিষয়ে যথা- ১. উদ্ভিদবিজ্ঞান ও ২. প্রাণিবিজ্ঞান সমন্বয়ে প্রণীত একটি প্রশ্নপত্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে।

(৪) ক্রমিক ৫৯-এর প্রভাষক (ফিন্যান্স, ব্যাংকিং এন্ড ইন্সুরেন্স) পদে দু'টি বিষয়ে যথা- ১. ফিন্যান্স ও ২. ব্যাংকিং এন্ড ইন্সুরেন্স সমন্বয়ে প্রণীত একটি প্রশ্নপত্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে।

(৫) ক্রমিক ৬০-এর প্রভাষক (উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন) পদে তিনটি বিষয়ে যথা- ১. মার্কেটিং ২. ইন্টারন্যাশনাল বিজনেজ ও ৩. ম্যানেজমেন্ট সমন্বয়ে প্রণীত একটি প্রশ্নপত্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে।

১৭। **পরীক্ষার উত্তরপত্র সংক্রান্ত গোপনীয়তা এবং পুনর্নিরীক্ষণ/পুনপরীক্ষণ:**

প্রিলিমিনারি টেস্টের MCQ উত্তরপত্র ও লিখিত পরীক্ষার সকল উত্তরপত্র গোপনীয় দলিল হিসেবে গণ্য হবে এবং কোন অবস্থাতেই কোন প্রার্থী বা তার প্রতিনিধিকে সেগুলো প্রদর্শন বা প্রদান করা হবে না। প্রিলিমিনারি টেস্ট ও লিখিত পরীক্ষার কোন উত্তরপত্র পুনর্নিরীক্ষণ বা পুনপরীক্ষণের কোন বিধি বিধান না থাকায় এই বিষয়ে কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।

১৮। **পরীক্ষার কেন্দ্রসমূহ:**

ক. প্রবেশ পত্রে উল্লেখিত পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হয়ে প্রার্থীকে পরীক্ষা দিতে হবে। কেন্দ্র পরিবর্তনের কোন আবেদন গ্রহণ করা হবে না।

খ. **প্রিলিমিনারি টেস্টের কেন্দ্র:** দেশের ২৪ (চব্বিশ)টি জেলা শহর যথা: দিনাজপুর, রংপুর, গাইবান্ধা, বগুড়া, রাজশাহী, নওগাঁ, পাবনা, কুষ্টিয়া, যশোর, খুলনা, জামালপুর, ময়মনসিংহ, টাঙ্গাইল, ঢাকা, নারায়ণগঞ্জ, গাজীপুর, ফরিদপুর, কুমিল্লা, নোয়াখালী, চট্টগ্রাম, বরিশাল, পটুয়াখালী, সিলেট ও রাঙ্গামাটিতে অষ্টাদশ শিক্ষক নিবন্ধন পরীক্ষা ২০২৩ এর প্রিলিমিনারি টেস্ট অনুষ্ঠিত হবে।

গ. **লিখিত পরীক্ষার কেন্দ্র:** প্রিলিমিনারি টেস্টে উত্তীর্ণ প্রার্থীদের ৮ (আট)টি বিভাগীয় শহর যথা: রংপুর, রাজশাহী, খুলনা, ঢাকা, চট্টগ্রাম, বরিশাল, সিলেট ও ময়মনসিংহ-এ লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে।

ঘ. Online আবেদনপত্রে প্রার্থী কর্তৃক পূরণকৃত পরীক্ষা কেন্দ্রে প্রার্থী প্রিলিমিনারি টেস্টে অংশগ্রহণ করবেন।

ঙ. প্রিলিমিনারি টেস্টে উত্তীর্ণ প্রার্থীগণ তাদের প্রিলিমিনারি টেস্টের কেন্দ্রের বিপরীতে নিম্নছকে বর্ণিত কেন্দ্রে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করবেন:

| প্রিলিমিনারি টেস্টের কেন্দ্র | লিখিত পরীক্ষার কেন্দ্র |
|---|---|
| ঢাকা, নারায়ণগঞ্জ, গাজীপুর, ফরিদপুর ও টাঙ্গাইল | ঢাকা |
| রাঙ্গামাটি, চট্টগ্রাম, কুমিল্লা ও নোয়াখালী | চট্টগ্রাম |
| বগুড়া, পাবনা, নওগাঁ ও রাজশাহী | রাজশাহী |
| যশোর, খুলনা ও কুষ্টিয়া | খুলনা |
| রংপুর, গাইবান্ধা ও দিনাজপুর | রংপুর |
| বরিশাল ও পটুয়াখালী | বরিশাল |
| সিলেট | সিলেট |
| ময়মনসিংহ ও জামালপুর | ময়মনসিংহ |

১৯। **বিবিধ:**

ক. পরীক্ষার সময় পরীক্ষা কক্ষে প্রার্থীগণ কানের উপর কোন আবরণ রাখতে পারবেন না। কান খোলা রাখতে হবে।

খ. পরীক্ষার সময় পরীক্ষা কক্ষে প্রার্থীগণ গহনা/অলংকার জাতীয় কোন কিছু ব্যবহার করবেন না।

গ. পরীক্ষার হলে ক্রেডিট কার্ড/ডেবিট কার্ড বা তৎসদৃশ কোন কিছু বা কোন ধরনের ইলেকট্রনিক্স সামগ্রী বহন করা যাবে না।

ঘ. লিখিত পরীক্ষায় কৃতকার্য হলে প্রার্থীকে অনলাইন আবেদনপত্রে প্রদত্ত প্রতিটি তথ্যের স্বপক্ষে যথাযথ সনদ/প্রত্যয়নপত্র মৌখিক পরীক্ষায় অংশগ্রহণকালীন বোর্ডের সম্মুখে প্রদর্শন করতে হবে। কোন প্রার্থী অনলাইন আবেদন ফরম-এ প্রদত্ত তথ্য ও শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ যথাযথ সনদ/প্রত্যয়নপত্র বোর্ডের সম্মুখে দাখিল করতে ব্যর্থ হলে বা কোন পদের জন্য নির্ধারিত যোগ্যতা না থাকলে বা আবেদন ফরমে ভুল তথ্য প্রদান করলে বা কোন অযোগ্যতা বা কোন Substantive ত্রুটি ধরা পড়লে যে কোন পর্যায়ে তার প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে।

ঙ. যদি কোন প্রার্থী অসত্য/ভিন্নরূপ/ভুল তথ্য প্রদান করেন এবং যে কোন পর্যায়ে তা প্রমাণিত হয় তবে তার সামগ্রিক প্রার্থীতা বাতিল হবে এবং তিনি NTRCA কর্তৃক গৃহীতব্য পরীক্ষায় সকল পদে আবেদনের অযোগ্য হিসেবে বিবেচিত হবেন এবং উক্ত প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

চ. যদি কোন প্রার্থী জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তির সঙ্গে বিবাহ বন্ধনে আবদ্ধ হন বা বিবাহ বন্ধনে আবদ্ধ হবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরি হতে বরখাস্ত হয়ে থাকেন এবং উক্তরূপ বরখাস্তের পর দুই বছর সময় অতিক্রান্ত না হয়ে থাকে তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

ছ. চূড়ান্ত ফলাফল প্রকাশের তারিখ হতে পরবর্তী ৯০ (নব্বই) দিনের মধ্যে উত্তীর্ণ প্রার্থীর সনদপত্র Online আবেদনপত্রে উল্লেখিত তার স্থায়ী ঠিকানার জেলা শিক্ষা অফিসে প্রেরণ করা হবে। উক্ত সময়ের মধ্যে এনটিআরসিএ কোন সাময়িক প্রত্যয়নপত্র প্রদান করবে না। ওয়েবসাইটে প্রদত্ত ফলাফল এর প্রিন্টকপি সাময়িক প্রত্যয়নপত্র হিসেবে গণ্য হবে। নিবন্ধন সনদ ব্যতীত কোন ব্যক্তি এনটিআরসিএ কর্তৃক বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে নিয়োগ সুপারিশের জন্য বিবেচিত হবে না।

জ. অনিবার্য কারণবশতঃ পরীক্ষার তারিখ ও সময় পরিবর্তিত হলে তা যথানিয়মে এবং যথাসময়ে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হবে।

ঝ. বিজ্ঞপ্তিতে অনুল্লিখিত কোন বিষয়ে ব্যাখ্যার প্রয়োজন হলে এনটিআরসিএ এ বিষয়ে প্রয়োজনীয় ব্যাখ্যা প্রদান করবে।

ঞ. পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য এনটিআরসিএ-এর ০২-৫৫১৩৮৫০৮, ০২-৪১০৩০১২৮ ও ০১৬৩৫৪০৫৮০১ নম্বর থেকে জানা যাবে।

ট. পরীক্ষা গ্রহণ, মেধাতালিকা প্রণয়ন ও নিবন্ধন সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০২/০৫/২০২৩

(ড. মোঃ আব্দুল মান্নান)
সদস্য (যুগ্মসচিব)
পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন
এনটিআরসিএ, ঢাকা।